

দৈনিক

স্টেটসম্যান

কলকাতা শিলিগুড়ি ১৪ চৈত্র ১৪২৪ বৃহস্পতিবার ২৯ মার্চ ২০১৮

শহরে প্রস্টেট আড্ডা



নিজস্ব প্রতিনিধি - কলকাতা ও দিল্লিতে ক্যান্সার আক্রান্তদের মধ্যে প্রস্টেট ক্যান্সার রোগীরা দ্বিতীয় স্থানে। সারা দেশে প্রস্টেট ক্যান্সার রোগীদের মধ্যে রয়েছেন প্রথম স্থানে। প্রস্টেট ক্যান্সার খুবই ধীর গতির ক্যান্সার এবং প্রাথমিক পর্যায়ে ধরা পড়লে অধিকাংশ ক্ষেত্রেই তা সেরে যায় বা নিয়ন্ত্রণে থাকে। প্রস্টেট ক্যান্সার বেশি বয়সের পুরুষদের অসুখ, গড় আয়ু বৃদ্ধির কারণই প্রস্টেট ক্যান্সারের হার বৃদ্ধির অন্যতম কারণ। প্রস্টেট গ্ল্যান্ড সংক্রান্ত এই ধরনের বহুতথ্য জানা গেল সম্প্রতি বেঙ্গল ক্লাবে আয়োজিত প্রস্টেট আড্ডায়। অভিনব এই

আড্ডার আয়োজন করে বেঙ্গল ইউরোলজি ট্রাস্ট ও প্রস্টেট ক্যান্সার ফাউন্ডেশন। অনুষ্ঠানে বিশিষ্ট ইউরোলজিস্ট ডা. অমিত ঘোষ বলেন পঁয়তাল্লিশ বছরের প্রত্যেক পুরুষের প্রস্টেট স্পেসিফিক অ্যান্টিজেন বা পিএসএ নামের রুটির রক্তপরীক্ষাটি প্রত্যেক বছর করা উচিত। প্রস্টেট ক্যান্সার থেকে মুক্তি পেতে র্যাডিক্যাল প্রস্টেক্টমি সর্বাপেক্ষা ভাল পদ্ধতি বলে তিনি জানান। অনুষ্ঠানে তিরানব্বই বছর বয়স্ক প্রস্টেট ক্যান্সার সারভাইভার চিকিৎসক ডা. অসীম দত্ত তাঁর অভিজ্ঞতার কথা বর্ণনা করেন।